গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-১৩৫

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৬ ব. / ০৯ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসা'র অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ-কে স্ব-পদে বহালসহ বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) প্রদান সংক্রান্ত।

সূত্র:
(১) সদর উপজেলা, দিনাজপুর এর স্মারক নং-০৫.৫৫২৭৬৪.০০০.০০.০০০.১৭.১৮৩৫, তারিখ: ০৬/০৮/২০১৭।
(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৮১৭/৪, তারিখ: ১৫/১১/২০১৭ খ্রি.
(৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৮৭৩/৪, তারিখ: ১১/০২/২০১৮ খ্রি.
(৪) জনাব মো: আব্দুল হামিদ, অফিস সহকারী, ঝানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর এর আবেদন।
(৫) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশোব/প্রশাসন/দিনাজপুর/১৪৪/৯১২/০৪, তারিখ: ২৫/০৪/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকসমুহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসা'র অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদকে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক একই দিনে ০৩ (তিন) টি কারণ দর্শানো নোটিশ প্রদান, সাময়িক বরখাস্তের পত্র দেয়া এবং হাজিরা খাতায় স্বাক্ষর করতে না দেয়াসহ যড়যন্ত্রমূলকভাবে চাকুরিচ্যুত করার অপচেষ্টায় লিপ্ত মর্মে জনাব মো: আব্দুল হামিদ কর্তৃক একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করা হয়।

০২। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন রেজিস্ট্রার, বামাশিবো'র বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুরকে পত্র দেয়া হয়।

০৩। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির মাধ্যমে বিষয়টি তদন্তপূর্বক ০৬/৮/১৭ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়।

০৪। উক্ত তদন্ত প্রতিবেদনে দেখা যায় "ঝানজিরা আলিম মাদ্রাসা'র অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ-কে মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে করা হয়নি বিধায় তার (জনাব মো: আব্দুল হামিদ) সাময়িক বরাখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চালু রাখা যেতে পারে"।

০৫। তদন্ত প্রতিবেদনের আলোকে অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ এর সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক করা হয়নি মর্মে উল্লেখক্রমে অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও অধ্যক্ষ কে ১৫.১১.১৭ খ্রি: তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে (বামাশিবো কর্তৃক) পত্র প্রেরণ করা হয়।

০৬। উক্ত পত্রের প্রেক্ষিতে অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে জনাব মো: আব্দুল হামিদ তার দাখিলকৃত আবেদনে উল্লেখ করেন।

০৭। জনাব মো: আব্দুল হামিদ এর উক্ত আবেদনের প্রেক্ষিতে বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করায় কেন গভর্নিং বডি ভেঙ্গে দেয়া হবে না এবং অধ্যক্ষের বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের নিকট সুপারিশ করা হবে না; সে মর্মে ১১/২/১৮ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে সভাপতি ও অধ্যক্ষকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে যে জবাব দাখিল করা হয়েছে তা সন্তোষজনক না হওয়ায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়।

(i) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে বর্ণিত মাদ্রাসা'র গভর্নিং ভেঙ্গে দেয়া হলো।

(ii) জনাব মো: আব্দুল হামিদ উক্ত মাদ্রাসায় অফিস সহকারী হিসেবে নিযুক্ত আছেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয় মর্মে পত্রে উল্লেখ রয়েছে।

০৮। আবেদনকারীর আবেদনে আরো উল্লেখ রয়েছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের উল্লিখিত নির্দেশনার পরেও অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ-কে উক্ত মাদ্রাসায় বহাল করার পরিবর্তে চূড়ান্ত বরখাস্ত করার অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি তদন্তকরণসহ মতামত প্রদানের জন্য দিনাজপুর জেলার সদর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্দেশিত হয়ে সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক তদন্তক্রমে প্রতিবেদন ইউএনও সদর দিনাজপুর বরাবর দাখিল করা হয়।

০৯। দিনাজপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক সম্পন্ন হওয়া তদন্ত প্রতিবেদনে যা উল্লেখ করা হয়েছে তা নিম্নরূপ –

(ক) বামাশিবো কর্তৃক ২৫/০৪/১৮ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকে মাদ্রাসার গভর্নিং বডি ভেঙ্গে দিয়ে অফিস সহকারী হিসাবে জনাব আব্দুল হামিদ এর নিযুক্তি নিশ্চিত করে নির্দেশ প্রদানের প্রেক্ষিতে অধ্যক্ষ কর্তৃক জনাব আব্দুল হামিদ অফিস সহকারী-কে হাজিরা খাতায় স্বাক্ষর করার অনুমতি দেয়া হয় এবং ডিসেম্বর/১৭ হতে পূর্ণ বেতন-ভাতাদি প্রদান চলমান হয়।

চলমান পাতা-০২

(খ) অত:পর বামাশিবো কর্তৃক উক্ত মাদ্রাসার গভর্ণিং বডি ভেঙ্গে দিয়ে জারীকৃত ২৫/০৪/১৮ তারিখের সূত্রোক্ত (৫) নং স্মারকের বিরুদ্ধে সভাপতি, জনাব মো: ইউনুস আলী তালুকদার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৯১৮/১৮ মামলা দায়ের করা হয়।

(গ) মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৭৯১৮/১৮ এর শুনানীয়ন্তে বামাশিবোর উক্ত স্মারকের উপর স্থগিতাদেশ প্রদান করা হয়। ফলে অধ্যক্ষ কর্তৃক অফিস সহকারীকে শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর স্থগিত করার নির্দেশ দেয়া হয়, তবে বেতন-ভাতা চলমান রাখা হয়।

(ঘ) গত ০২.১২.১৯ তারিখে শুনানীয়ন্তে মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৭৯১৮/১৮ মামলাটি খারিজ হয়ে যায় বিধায় গভর্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত বামাশিবো'র ২৫.০৪.১৮ তারিখের ৯১২/০৪ সংখ্যক স্মারকের কার্যক্রম বহাল থাকে (আদেশে কপি আবেদনের সাথে পাওয়া যায়নি)।

(ঙ) রিট পিটিশন নং-৭৯১৮/১৮ মামলার ০২/১২/২০১৯ তারিখের আদেশ বহাল থাকাবস্থায় এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ৬০ (ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত না রাখা সংক্রান্ত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর বিষয়ে জারিকৃত আদেশ প্রতিপালন না করে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের পূর্বানুমোদন ছাড়াই অধ্যক্ষ কর্তৃক ২১/১১/১৯ তারিখে অফিস সহকারী জনাব মো: আব্দুর হামিদ-কে চুড়ান্ত বরখাস্তের নোটিশ প্রদান করা বিধি সম্মত হয়নি।

(চ) উল্লিখিত প্রেক্ষাপটে দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসা'র অধ্যক্ষ কর্তৃক গত ২১/১১/১৯ তারিখে জনাব মো: আব্দুল হামিদ অফিস সহকারীকে চুড়ান্ত বরখাস্তের নোটিশ দিয়ে সরকারী বেতন-ভাতা বন্ধ করা (অধ্যক্ষ কর্তৃক) চাকুরী বিধির লংঘনসহ সরকারি আদেশ অমান্যের সামিল।

(ছ) জনাব আব্দুল হামিদ অফিস সহকারী হিসেবে পূর্ণ বেতন-ভাতাদি পাওয়ার হকদার এবং এখন পর্যন্ত তিনি স্বপদে বহাল আছেন মর্মে স্পষ্ট হয়।

(জ) উক্ত তদন্ত প্রতিবেদনের শেষাংশে মতামত প্রদান করা হয়েছে,

"দিনাজপুর সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদরাসার অধ্যক্ষ আনম নজরুল ইসলাম কর্তৃক গত ২১.১১.১৯ খ্রি: জনাব মো: আব্দুল হামিদ অফিস সহকারীকে চূড়ান্ত বরখাস্তের নোটিশ দিয়ে সরকারী বেতন-ভাতা বন্ধ করা চাকুরী বিধির লঙ্ঘনসহ সরকারি আদেশ অমান্যের শামিল। (তার) জনাব মো: আব্দুল হামিদ অফিস সহকারী পূর্ণ বেতন-ভাতাদি পাওয়ার হকদার এবং এখন পর্যন্ত তিনি স্বপদে বহাল আছেন মর্মে নিম্নস্বাক্ষরকারী মনে করেন"।

১০। বামাশিবো'র আপিল এন্ড আরবিট্রেশন কমিটির উপরিউক্ত সিদ্ধান্তের কপি ও উপজেলা শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর এর তদন্তের কপিসহ জনাব মো: আব্দুল হামিদ, অফিস সহকারী এর স্ব-পদে যোগদান এবং সরকারী বেতন-ভাতা (এমপিও) প্রাপ্তীর নিমিত্ত (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর এর তদন্ত প্রতিবেদন ও বামাশিবো'র আপিল এন্ড আরবিট্রেশন বোর্ডের নির্দেশনা প্রতিপালনসহ) এবং উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য জনাব মো: আব্দুল হামিদ কর্তৃক সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (৪) আবেদন দাখিল করা হয়েছে।

১১। উল্লেখ্য- দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসা'র অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদ-কে মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক কেন বা কি কারণে সাময়িক বরখাস্ত করা হয়েছিল সে বিষয়ে বিবেচ্য আবেদনে কিছুই উল্লেখ নেই, তাছাড়া উক্ত সাময়িক বরখাস্ত আদেশের কপিও সংযুক্ত করা হয়নি। তবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত এবং তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-

(ক) যেহেতু জনাব মো: আব্দুল হামিদ,অফিস সহকারী এর সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ হয়নি (বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে তদন্তকরণপূর্বক) এবং জনাব মো: আব্দুল হামিদ এর অফিস সহকারী হিসেবে নিযুক্তি বহাল আছে মর্মে বামাশিবো কর্তৃক ঘোষিত হয়েছে, বিধায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বামাশিবো) এর উক্ত আদেশটি বাস্তবায়ন হওয়া প্রয়োজন ;

(খ) একইসাথে যেহেতু অনুমোদিত গভর্ণিং বডি (বিধি বহির্ভূতভাবে জনাব মো: আব্দুল হামিদকে সাময়িক বরখাস্তকরণের কারনে) ভেঙ্গে দেয়া হয়েছে। সেহেতু জনাব মো: আব্দুল হামিদ-কে ঝানজিরা আলিম মাদ্রাসা'র অফিস সহকারী পদে বহালক্রমে তার বেতন-ভাতাদি (এমপিও) চালু করার জন্য অধ্যক্ষ-কে নির্দেশনা প্রদান করা;

(গ) অধিকন্তু বিদ্যমান বিধি বিধান অনুসরণ ব্যতীত খেয়াল খুশিমত অফিস সহকারী জনাব মো: আব্দুল হামিদকে বরখাস্ত করার কারণ ব্যাখ্যাসহ অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিকে অবহিত করা;

১২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ২৫.০৩.২০ খ্রি: তারিখের মধ্যে গৃহীত কার্যক্রমের তথ্যাদি (প্রমানকসহ) টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৫/৩/২০২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।